

নিম্নলিখিত প্রত্যেকটি বাক্য সম্বন্ধে আপনার স্বীকৃতি বা অস্বীকৃতি জানান।  
নীচের রেটিং স্কেল থেকে উপযুক্ত সংখ্যাটির দ্বারা প্রতিটি বাক্যের প্রথমে থাকা  
শূন্য স্থানটি পূরণ করে আপনার অভিমত জানান।

১ ----- ২ ----- ৩ ----- ৪ ----- ৫ ----- ৬ ----- ৭  
জোরের সঙ্গে উদাসীন জোরের সঙ্গে  
অস্বীকার করছি স্বীকার করছি /  
সহমত হচ্ছি

- ১ - যখনই আমি সদর্শক আবেগ অনুভব করি, লোকেরা দেখতে পায় আমার ঠিক কীরকম অনুভব হচ্ছে।
- ২ - দুঃখের চলচ্চিত্র দেখার সময় আমি কখনো কখনো কাঁদি।
- ৩ - লোকেরা অধিকাংশ সময়ই আমার কীরকম অনুভব হচ্ছে জানতে পারে না।
- ৪ - আমাকে কেউ কোন ‘জোক’ শোনালে আমি যদি মজা পাই তাহলে আমি জোরে হেসে উঠি।
- ৫ - আমার পক্ষে ভয় লুকিয়ে রাখা শক্ত।
- ৬ - যখন আমি খুশি হই, আমার অনুভব প্রকাশ পায়।
- ৭ - আবেগ জাগানো পরিস্থিতিতে আমার শরীরে খুব জোর প্রতিক্রিয়া হয়।
- ৮ - আমি এটা শিখেছি যে রাগ প্রকাশ করার থেকে চেপে রাখা ভালো।

- ৯ - আমি যতই ঘাবড়ে যাই অথবা বিপর্যস্ত হই না কেন, আমি বাইরে শান্ত থাকি।
- ১০ - আমি এমন একজন ব্যক্তি যার আবেগের প্রকাশ আছে।
- ১১ - আমি খুবই আবেগ-প্রবণ।
- ১২ - আমি চাইলেও কখনো কখনো আমার আবেগ লুকিয়ে রাখতে পারি না।
- ১৩ - যখনই আমি নঞর্থক আবেগ অনুভব করি, লোকে দেখতে পায় আমার ঠিক কীরকম অনুভব হচ্ছে।
- ১৪ - কখনো কখনো আমি চেষ্টা করেও কান্না থামাতে পারিনি।
- ১৫ - আমি আমার আবেগ খুব গভীরভাবে অনুভব করি।
- ১৬ - আমার অনুভূতি সরাসরি আমার মুখে প্রকাশ পায়।

Translated by Professor Amita Chatterjee  
School of Cognitive Science, Jadavpur University, Calcutta.  
Contact: chatterjeeamita@gmail.com  
19 May 2012